

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

তারিখঃ ১৫ জানুয়ারি ২০১৭ খ্রিঃ।

স্মারক নং-৪৬.০৪৯.০১০.০২.০০.০০১.২০১৬-৫৯

বিষয়ঃ বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৪৪তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্রঃ (ক) পরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-২৭৩, তারিখঃ ১৩/১০/২০১৬ খ্রিঃ।

(খ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন কার্যালয়ের স্মারক নং-৫৯৭, তারিখঃ ১৯/১২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর ২০১০-২০১১ সালের হিসাব নিরীক্ষাকালে নিরীক্ষা অনুচ্ছেদ ১৪ মূলে অনিয়মিতভাবে কার লোন গ্রহীতাদের গাড়ি রক্ষণাবেক্ষণ ও জ্বালানী বাবদ ১৮,৬৮,৯৪৭/- টাকার অডিট আপত্তি উত্থাপিত হয়। উত্থাপিত অডিট আপত্তির বিষয়ে দশম বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৪৪তম বৈঠকের (১৬ ফেব্রুয়ারী ২০১৬ তারিখে অনুষ্ঠিত) সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জবাব এবং মন্ত্রণালয়ের মন্তব্য নিম্নরূপঃ

সংস্থার নাম	আপত্তির সন ও অনুচ্ছেদ নম্বর	আপত্তির শিরোনাম	পিএ কমিটির সিদ্ধান্ত	স্থানীয় অফিসের জবাব	মন্ত্রণালয়ের মন্তব্য
চট্টগ্রাম সিটি কর্পোরেশন	২০১০-২০১১ অনুঃ ১৪	অনিয়মিতভাবে কারলোন গ্রহীতাদের গাড়ি রক্ষণাবেক্ষণ ও জ্বালানী বাবদ ১৮,৬৮,৯৪৭/- টাকা প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি।	চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম এর নীতিমালার আওতায় নির্ধারিত সীমার মধ্যে গাড়ি রক্ষণাবেক্ষণ ও জ্বালানী ব্যয় সম্পন্ন হয়ে থাকলে কমিটির আপত্তির কিছু নাই। তবে নীতিমালার বাইরে নির্ধারিত সীমার অতিরিক্ত খরচ হয়ে থাকলে তা অবশ্যই আদায় করতে হবে।	আপত্তিটি বিগত ২৭-০২/২০১৩ হতে ২৮-০২-২০১৩ তারিখে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হয় (কপি সংযুক্ত)। কোন কর্মকর্তা তার নির্ধারিত সীমার অতিরিক্ত জ্বালানী ও রক্ষণাবেক্ষণ বাবদ কোন অর্থ উত্তোলক করেনি (প্রত্যয়নপত্র সংযুক্ত)। প্রনীত কারলোন নীতিমালয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নাম, পদবী ও সিলসহ কপি সংযুক্ত। কারলোন নীতিমালার স্পষ্ট কপি সংযুক্ত। ২০০৯ সালের সাধারণ সভার অনুমোদনকৃত কপি এবং ২০০৯ সাথে অর্থ ও সংস্থাপন স্ট্যান্ডিং কমিটির কার্যবিবরণীর কপি সংযুক্ত। এমতাবস্থায়, আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হল।	পিএ কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায়, দশম বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৪৪তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জবাব ও অন্যান্য প্রমাণক এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তঃ

মহাপরিচালক

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা।

দৃঃ আঃ জনাব ওয়াহিদা হামিদ, পরিচালক।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
৬. সংরক্ষণ নথি।

১৫/১/১৭
(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।